

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-৫৮.০৬.৩০০০.০০৭.৩৪.৩৪.০০৫২৫০৩(১৩০)


তারিখ: ৩০/০৫/২১ বঙ্গাব্দ  
১৪/০৫/২১ খ্রিষ্টাব্দ

প্রতি : ওয়ারহাউজ ইন্সপেক্টর  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ঢাকা-.....।

বিষয় : ফায়ার লাইসেন্স মাশুল নির্ধারণ (Assessment) ফরম যথাযথভাবে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফায়ার লাইসেন্স মাশুল নির্ধারণ (Assessment) ফরম-৩ এর ৩নং কলাম (দোকানপাট/মালগুদাম/কারখানার বর্ণনা পরিমাপসহ) যথাযথভাবে লিপিবদ্ধ না করায় ফায়ার লাইসেন্স প্রত্যাশি প্রতিষ্ঠানের জান-মাল ও সম্পদের অগ্নিনিরাপত্তা নিশ্চিতকরণ এবং সরকারী রাজস্ব আদায় কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, বর্ণিত সমস্যা নিরসনে ফায়ার লাইসেন্স প্রত্যাশি ভবন বা প্রতিষ্ঠানের অনুকূলে অনুমোদিত Fire Protection Plan আছে কিনা তা অবশ্যই লিপিবদ্ধ করতে হবে। Fire Protection Plan না থাকলে আগামী ৯০(নব্বই) দিনের মধ্যে Fire Protection Plan প্রণয়ন ও বাস্তবায়নের জন্য অঙ্গীকারবদ্ধ হয়েছেন কিনা তা উল্লেখ করতে হবে। তাছাড়া ভবন বা প্রতিষ্ঠানের মোট আয়তন, বহুতল ভবনের ক্ষেত্রে ভবনটি কত তলা, ভবনে বিদ্যমান সিড়ির সংখ্যা ও প্রশস্ততা এবং পাকা ভবন বা সেমিপাকা ভবনের ক্ষেত্রে জরুরি নির্গমন পথের সংখ্যা ও প্রশস্ততা এবং ভবনের সম্মুখের রাস্তার প্রশস্ততা ফায়ার লাইসেন্স মাশুল নির্ধারণী (Assessment) ফরমে যথাযথভাবে লিপিবদ্ধ করায়, জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



দিনমনি শর্মা  
উপপরিচালক  
ফোন নং : ০১৭১২-৯৪০১২০।

বিতরণ:

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রশঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ফরিদপুর/টাঙ্গাইল।
৪. সহকারী পরিচালক (ওয়ারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .....(সকল)।